# সাধারণ সহায়তা তহবিল

আবেদন পত্র

**গাঢ়/বোল্ড** করা প্রশ্নগুলির উত্তর দেওয়া আবশ্যিক। আবেদনকারীদের সাধারণ সহায়তা তহবিল নির্দেশিকা এখান থেকে নামিয়ে নিয়ে, (**স্প্যানিশ, পর্তুগিজ, ফরাসী, আরবি, রুশ, ম্যান্ডারিন চৈনিক এবং জার্মানেও** পাওয়া যাবে) অফলাইনে তাঁদের প্রস্তাবগুলি তৈরি করতে বলা হচ্ছে।


ফ্লাক্স-এ https://wmf.fluxx.io/ উইকিমিডিয়া তহবিল পোর্টাল-এ আপনার আবেদনটি আপলোড করার আগে, এই ডক্যুমেন্টটি কপি করেও আপনার আবেদনের কাজ সম্পূর্ণ করতে পারেন।

খেয়াল রাখবেন: উন্মুক্ত প্রশ্নের ক্ষেত্রে যথাসম্ভব স্বল্প কথায় উত্তর দেওয়ার চেষ্টা করুন। এই প্রশ্নগুলির প্রত্যেকটির নির্দিষ্ট অক্ষরসীমা আছে। আপনার জ্ঞাতার্থেঃ ৫০০ অক্ষর = আনুমানিক ৬ বাক্যের একটি অনুচ্ছেদ।

## সংক্ষিপ্ত নির্দেশাবলী

আপনার আবেদনের প্রতিটি ধাপে সাহায্যার্থে আমরা সব প্রশ্নের বিশ্লেষণ এবং কিছু সহজ উদাহরণ দিয়ে একটি নির্দেশিকা তৈরি করেছি। আশা করি আপনার যে কোন সংশয়ের উত্তরই এতে পাওয়া সম্ভব হবে, অন্যথায় নির্দ্বিধায় আমাদের সঙ্গে যোগাযোগ করুন! কোন রকম সহায়তার প্রয়োজনে অথবা প্রশ্ন থাকলে দয়া করে আমাদের ইমেল করুন।

বেশ কিছু প্রশ্নের ক্ষেত্রে, আপনি একটি (help/সাহায্য) বোতাম দেখতে পাবেন। নিচের ছবিতে যেমন দেখানো আছে।


4. What is your organization or group's mission? (help)
*500 characters limit*

এই লিঙ্কটি আপনাকে নিয়ে যাবে একটি নির্দেশিকায়, যা প্রতিটি প্রশ্নের সঙ্গে প্রাসঙ্গিক সংজ্ঞা ও উদাহরণের মাধ্যমে আপনাকে পরিচিত করাবে যাতে উত্তর লিখতে সুবিধা হয়।

**ভূমিকা:**

আমাদের আবেদন পত্রে আপনাকে স্বাগত। এটি ভর্তি করার আগে, যে লক্ষ্য এবং মূল্য উইকিমিডিয়া আন্দোলনকে সংজ্ঞায়িত করে এবং আমাদের অনুদানের ক্ষেত্রে আমরা কী দেখতে চাই, সে বিষয়ে ভেবে দেখুন। আপনার প্রস্তাবটি এর মধ্যে কোথায় খাপ খায় এবং তা নির্মাণ করতে আপনি কীভাবে সাহায্য করতে পারেন, সেগুলি বিবেচনা করে দেখুন। আমাদের স্বপ্ন এমন এক পৃথিবী যেখানে প্রত্যেক ব্যক্তি যেন স্বাধীনভাবে জগতের সমগ্র জ্ঞানভাণ্ডারে নিজের অবদান রাখতে পারেন। আমরা বিশ্বাস করি যে সকলের নাগালের মধ্যে থাকা আমাদের এই জ্ঞানভাণ্ডারে কিছু না কিছু অবদান রাখার ক্ষমতা প্রত্যেকের মধ্যে আছে। এবং সবাই এই জ্ঞানভাণ্ডারকে যেন নির্দ্বিধায়, বিনা বাধায় ব্যবহার করতে পারেন। আমরা বিশ্বাস করি আমাদের অবদানকারী সম্প্রদায়গুলি হবে যত সম্ভব বিবিধ, সর্বব্যাপী এবং অবারিত। আমরা চাই যারা যোগদান করছেন (এবং যারা ভবিষ্যতে যোগদান করতে চান) তাঁদের সবার জন্য এই সম্প্রদায়গুলি হোক ইতিবাচক, নিরাপদ ও নিগ্রহ এবং কুসংস্কারমুক্ত এক সুস্থ পরিবেশের স্থান। সময় নিয়ে আমাদের বন্ধুত্বপূর্ন পরিবেশ নীতি এবং সর্বজনীন আচরণবিধি পড়ে দেখতে অনুরোধ করা হচ্ছে। এখানে প্রত্যাশিত এবং অগ্রহণযোগ্য ব্যাবহারের ন্যূনতম কিছু নির্দেশিকা দেওয়া আছে। আপনার যদি এ বিষয়ে কোনও প্রশ্ন, উদ্বেগ বা আগ্রহ থাকে, আমরা তা নিয়ে আপনার সঙ্গে একত্রে সেই সমস্যার সমাধান করতে ইচ্ছুক।

## যোগ্যতার অংশ

এই প্রশ্নের উত্তর দেওয়ার আগে, দয়া করে যোগ্যতার আবশ্যিক শর্তগুলি একবার পড়ে দেখুন।

**ক. আপনি নিম্নোক্ত তালিকায় কোনটির মধ্যে পড়েন**

- ☐ ব্যক্তিবিশেষের এক গোষ্ঠী যা কোন সংস্থার অন্তর্ভূক্ত নয়
- ☐ ব্যক্তিবিশেষ
- ☐ উইকিমিডিয়ার অধিভুক্ত শাখা (চ্যাপ্টার, থিম্যাটিক অর্গানাইজেশন অথবা ইউজার গ্রুপ)
- ☐ উইকিমিডিয়ার মতাদর্শের অলাভজনক সংস্থা

খ. প্রস্তাব উপস্থাপনকারীর সম্পূর্ণ নাম

খ. প্রস্তাব উপস্থাপনকারী সংস্থার সম্পূর্ণ নাম। যোগ করুন

1. মুখ্য কার্যালয়/শাখা
2. প্রধান যোগাযোগকারী
3. প্রধান স্বাক্ষরকারী
4. দ্বিতীয় যোগাযোগকারী

5. দ্বিতীয় স্বাক্ষরকারী

**গ. এই আবেদন সংক্রান্ত যোগাযোগের ইমেল**

**ঘ. দয়া করে দ্বিতীয় যোগাযোগকারীর তথ্য দিন (নাম এবং ইমেল)।** ***এই প্রস্তাবের জন্য যদি কোন সহ-সাক্ষরকারীর প্রয়োজন হয়, সেক্ষেত্রে দয়া করে এই যোগাযোগের তথ্য দিন।***

**ঙ. উইকিমিডিয়ার কোন প্রোজেক্টে কি আপনার অ্যাকাউন্ট আছে?** না হ্যাঁ

**চ. আপনি (ব্যক্তিবিশেষ) অথবা সংস্থাটি কোন দেশে অবস্থিত? দয়া করে শুধুমাত্র একটি বিকল্প বাছুন।**

**ছ. উইকিমিডিয়া ফাউন্ডেশন থেকে আপনি আগে কখনও অনুদান পেয়েছেন কি?**

- ☐ আগে আবেদন করেও অনুদান পাননি
- ☐ আগে আবেদন করেছেন এবং অনুদান পেয়েছেন
- ☐ আগে আবেদন করেননি

**ঞ. উইকি সংস্থা নয় এমন কোথাও থেকে কি আপনি আগে কখনও অনুদান পেয়েছেন?**

- ☐ না
- ☐ হ্যাঁ

## অতিরিক্ত তথ্য

**1. আপনার হয়ে অনুদান পরিচালনা করার জন্য কোন পৃষ্ঠপোষক আছে?**

- ☐ হ্যাঁ
- ☐ না

2. আপনি চাইলে আপনার দল অথবা সংস্থার ওয়েবসাইট বা সামাজিক মাধ্যমের অ্যাকাউন্টের কথা এখানে জানান। (ঐচ্ছিক) *অনধিক ৫০০ অক্ষর*

**৩. আপনি কি আইনত নিবন্ধিত?**

- ☐ হ্যাঁ
- ☐ না

**4. আপনার সংস্থা বা দলের লক্ষ্য কী?** ***অনধিক ৫০০ অক্ষর***

## অনুদানের প্রস্তাব

**৫. দয়া করে আপনার প্রস্তাবের শিরনাম উল্লেখ করুন। অনধিক ৫০০ অক্ষর।**

**৬. দয়া করে কাজ শুরু করার প্রস্তাবিত তারিখ উল্লেখ করুন**

**৭. দয়া করে কাজ শেষ করার প্রস্তাবিত তারিখ উল্লেখ করুন**

**৮. এই প্রস্তাবটি কোথায় বাস্তবায়িত হবে?**

৯. এই প্রস্তাবটি স্থানীয়, আন্তর্জাতিক, না আঞ্চলিক এবং এটি একাধিক দেশকে অন্তর্ভুক্ত করে কিনা জানান? (ঐচ্ছিক)

- ☐ স্থানীয়
- ☐ আঞ্চলিক
- ☐ আন্তর্জাতিক

**১০. আপনি কোন মুখ্য সমস্যাগুলির সমাধান করতে চাইছেন এবং আপনার প্রস্তাবিত সমাধানগুলি কী কী? *অনধিক ২৫০০ অক্ষর***

**১১. আপনার প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য কী? *অনধিক ৫০০ অক্ষর***

**১২. এই উদ্দেশ্য সাধন করার জন্য আপনার প্রধান কৌশলগুলি বর্ণনা করুন। এবং এই কৌশলের অঙ্গ হিসেবে যে মুখ্য কার্যক্রম আপনি গড়ে তুলবেন তার বিবরণ দিন। *অনধিক ২৫০০ অক্ষর।*** সংজ্ঞা ও উদাহরণের জন্য এই নির্দেশিকাটি দেখুন।

**১৩. দয়া করে জানান উইকিমিডিয়া গোষ্ঠীতে সচরাচর যা করা হয়ে থাকে, নিম্নোক্ত সেই কাজগুলির কোন একটিও আপনি সম্পাদন করবেন কিনা? যে কটি আপনি সম্পাদন করতে চান তার সবকটি নির্বাচন করুন।**

- ☐ অনলাইন মিট-আপ সংগঠিত করা
- ☐ অনলাইন মিট-আপ সংগঠিত করা
- ☐ কর্মশালা
- ☐ এডিটাথন
- ☐ ট্রেন-দ্যা-ট্রেনার
- ☐ ফটোওয়াক উইকিক্যাম্প
- ☐ প্রতিযোগিতা
- ☐ উইকিমিডিয়ান-ইন-রেসিডেন্স
- ☐ ছবি/মাধ্যমের প্রচারকার্য
- ☐ উইকি লাভস প্রচারকার্য

- ☐ উইকিটাউন সম্মেলন/অনুষ্ঠান
- ☐ কোন মাধ্যমে প্রচার প্রচারণা সংগঠিত করা
- ☐ আন্দোলনের প্রচারকার্য সংগঠিত করা
- ☐ অন্যান্য প্রযোজ্য নয়

**১৪. আপনি স্বয়ং কি কোন অনুষ্ঠান বা ক্রিয়াকলাপ চালাবেন?**

- ☐ হ্যাঁ
- ☐ না

**১৫. দয়া করে জানান নীচে উল্লিখিত কোন বিষয়বস্তুর তথ্যের অসমতা পূরণ করা আপনার প্রস্তাবের উদ্দেশ্য কিনা? প্রযোজ্য সবকটি বিকল্পই নির্বাচন করুন।** সংজ্ঞা ও উদাহরণের জন্য দয়া করে এই নির্দেশিকাটি দেখুন।

- ☐ বিষয়বস্তুতে লিঙ্গ বৈষম্য (জেন্ডার গ্যাপ)
- ☐ সময়কাল (যুগ)
- ☐ ভূগোল
- ☐ ভাষা
- ☐ আর্থসামাজিক অবস্থা
- ☐ লৈঙ্গিক পরিচিতি
- ☐ গুরুত্বপুর্ন বিষয় (কোন নির্দিষ্ট বিষয়ের ক্ষেত্রে যে প্রসঙ্গ গুরুত্বপূর্ণ বা তাকে প্রভাবিত করবে)
- ☐ সাংস্কৃতিক প্রেক্ষাপট, জাতি, ধর্ম, বর্ণ
- ☐ প্রযোজ্য নয়

সংজ্ঞা ও উদাহরণের জন্য দয়া করে এই নির্দেশিকাটি দেখুন।

**১৬. দয়া করে জানান আপনার প্রস্তাবটিতে নিম্নোক্ত কোন একটি ক্ষেত্র বা বিষয়ভিত্তিক নির্দিষ্ট লক্ষ্য আছে কিনা।**

- ☐ শিক্ষা
- ☐ পক্ষসমর্থন
- ☐ মানবাধিকার
- ☐ জননীতি
- ☐ জলবায়ু পরিবর্তন এবং স্থায়িত্ব
- ☐ সংস্কৃতি, ঐতিহ্য অথবা গ্ল্যাম
- ☐ মুক্ত প্রযুক্তি
- ☐ বৈচিত্র্য
- ☐ অন্যান্য

☐ প্রযোজ্য নয়

দয়া করে খেয়াল করবেন, এর আগে আমরা **বিষয়বস্তুর** নিরিখে অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য নিয়ে জানতে চেয়েছিলাম। নিম্নোক্ত প্রশ্নে আমরা **অংশগ্রহণকারীর** বৈচিত্র্যের কথা জানতে চাইছি। সংজ্ঞা ও উদাহরণের জন্য এই নির্দেশিকাটি দেখুন।

**১৭. আপনার কাজটিতে কি কোন প্রান্তিক ও সুবিধাহীন সম্প্রদায়ের অংশগ্রহণকারীদের লিপ্ত করার লক্ষ্য রয়েছে? প্রযোজ্য সবকটি বিভাগই নির্বাচন করুন।**

- ☐ লৈঙ্গিক পরিচয়
- ☐ যৌন অভিমুখিতা
- ☐ ভৌগলিক
- ☐ জাতি/বর্ণ/ধর্ম বা সাংস্কৃতিক প্রেক্ষাপট
- ☐ প্রতিবন্ধকতা
- ☐ ভাষাগত / ভাষা
- ☐ আর্থসামাজিক অবস্থান
- ☐ বয়স
- ☐ ডিজিটাল অধিকার
- ☐ প্রযোজ্য নয়

**১৮. দয়া করে আপনার নির্ধারিত অংশগ্রহণকারীদের সম্পর্কে আমাদের আরও বিষদে বলুন।** ***দয়া করে অংশগ্রহণের জন্য নির্দিষ্ট শর্তগুলি অন্তর্ভুক্ত করুন এবং প্রস্তাব বাস্তবায়িত করার পরেও কীভাবে অংশগহণকারীদের উপস্থিতি ধরে রাখবেন সেই কৌশলগুলি বর্ণনা করুন। অনধিক ২৫০০ অক্ষর***

**১৯. আপনার প্রস্তাবটি বাস্তবায়িত করবার জন্য আপনার দেশের, বা অন্য কোন দেশের, কোন উইকিমিডিয়া সম্প্রদায়, দল বা শাখার সঙ্গে কাজ করবার কোন পরিকল্পনা আছে কি?**

- ☐ হ্যাঁ
- ☐ না

**২০. দয়া করে আপনার এই অনলাইন ও অফলাইন পরিচিতদের কথা, এবং আপনার এই প্রস্তাব কীভাবে উইকিমিডিয়া সম্প্রদায়গুলিকে জানিয়েছেন, তা আমাদের বলুন।** ***দয়া করে যেই উইকি পাতাগুলিতে এই সম্প্রদায়গুলিকে আপনার প্রস্তাবিত কাজ সম্পর্কে অবগত করেছেন, তার লিঙ্কগুলি দিন। অবগত করার উইকি পাতার উদাহরণ - আলোচনাসভা, উইকিমিডিয়া আন্দোলনের সহযোগী বা প্রাসঙ্গিক প্রকল্পের আলোচনা পাতা। অনধিক ১০০০ অক্ষর***

**২১. আপনি কি এই প্রস্তাবটি কার্যকরি করার জন্য অন্য বাহ্যিক, উইকিমিডিয়ান নন, এমন সহকর্মীর সঙ্গে কাজ করবেন?**

- ☐ হ্যাঁ (হ্যাঁ হলে দয়া করে ২১ক উত্তর দিন)
- ☐ না

২১ক. দয়া করে এই সহকর্মীদের সঙ্গে আপনার কাজ-সম্পর্কিত সম্পর্ক বর্ণনা করুন। *এই সহকর্মীদের কাছ থেকে কোনরূপ সাহায্য পেলে তা উল্ল্যেখ করুন (জিনিসপত্র, অনুদান, দান, পারিশ্রমিক). অনধিক ১০০০ অক্ষর*

২২. অনুদান পরবর্তী সময়ে প্রস্তাবিত কাজ কীভাবে বিস্তৃত করবেন বা বজায় রাখবেন? প্রভাব বিস্তার ও কাজ চালিয়ে যাওয়া প্রযোজ্য হলে, তা সম্পর্কে আপনার প্রস্তাব বর্ণ্না করুন। *(ঐচ্ছিক)*
*অনধিক ১৫০০ অক্ষর*

**২৩. এই প্রস্তাবটি বাস্তবায়িত করবার জন্য প্রয়োজনীয় লোকবল কি আপনার আছে?** ***দয়া করে তাঁদের তালিকা এবং ভূমিকা তৈরি করুন। শূন্যপদ ও আপনার প্রস্তাবের উপদেষ্টামণ্ডলীর কথাও উল্লেখ করুন। কারুর উইকিমিডিয়া ব্যবহারকারী নাম থাকলে দয়া করে সেগুলি জানান।***
***অনধিক ২০০০ অক্ষর***

**২৪. আপনার প্রস্তাব উইকিমিডিয়ার মুভমেন্ট স্ট্র্যাটেজি ২০৩০/আন্দোলন কৌশল ২০৩০-এর সুপারিশগুলির প্রেক্ষিতে কীভাবে অবদান রাখবে বলে আপনি মন করেন? সর্বোচ্চ তিনটি সর্বাধিক প্রযোজ্য বিকল্প বাছুন।**

- ☐ আমাদের আন্দোলনের স্থায়িত্ব বাড়াবে
- ☐ ব্যবহারকারীদের অভিজ্ঞতা উন্নত করবে
- ☐ নিরাপত্তা ও অন্তর্ভুক্তি প্রদান করবে
- ☐ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সমদর্শিতা নিশ্চিত করবে
- ☐ অংশীদারদের মধ্যে সমন্বয় স্থাপন করবে
- ☐ দক্ষতা ও নেতৃত্ব তৈরিতে বিনিয়োগ করবে
- ☐ অভ্যন্তরীণ জ্ঞান পরিচালনা করবে
- ☐ প্রভাবিত করার বিষয়গুলি চিহ্নিত করবে
- ☐ মুক্ত জ্ঞানের ক্ষেত্রে উদ্ভাবন করবে
- ☐ মূল্যায়ন, পুনরাবৃত্তি এবং অভিযোজন
- ☐ জানি না
- ☐ উপরের কোনটিই নয়

২৫. করে জানান আপনার সংস্থা বা দলের কোন কৌশলগত পরিকল্পনা আছে কিনা, যা আপনার প্রস্তাবটি বুঝতে আমাদের আরও বেশি সাহায্য করবে। আপনি এখানে সেটি আপলোড করতে পারেন। (ঐচ্ছিক)

☐ না

☐ হ্যাঁ

☐

কৌশলগত পরিকল্পনা আপলোড করুন ⊕ নথিপত্র আপলোড করুন

## শেখা, ভাগ করে নেওয়া, এবং মূল্যায়ন

আমরা বিশ্বাস করি, আমাদের অনুদান প্রকল্পগুলি দলগতভাবে মূল্যায়ন করা এবং তার থেকে শেখা খুবই জরুরি। আপনি কী শিখতে চান এবং কীভাবে নিজের কাজের মূল্যায়ন করবেন, দয়া করে সে সম্বন্ধে কিছু ধারণা দিন। এই প্রস্তাব নিয়ে আলোচনা করার এবং প্রতিক্রিয়া দেওয়ার সময়ে আমরা আপনার সঙ্গে এই বিষয়ে আরও বিশদে কাজ করবো, যাতে আমাদের পারস্পরিক শিক্ষার ক্ষেত্রে আপনার প্রস্তাবটি আরও কার্যকর হয়ে ওঠে।

**২৬. এই অনুদান প্রস্তাবে আপনার কাজ থেকে আপনি কী শিখবেন বলে আশা রাখেন?**

এই অভিজ্ঞতা থেকে শিখতে চাওয়া মূল বিষয়গুলির বর্ণনা দিন, যেগুলি আপনাকে এই কাজের ফলাফলগুলির মূল্যায়ন করতে সাহায্য করবে এবং সঠিক সমন্বয়ে ভবিষ্যতে কাজটি আরও বিস্তৃত করতে সাহায্য করবে। আপনি যতটা বিস্তারিতভাবে চান, এটির বর্ণনা দিতে পারেন। উদাহরনস্বরপ, যে পরিবর্তনগুলি আপনি দেখতে চেয়েছিলেন সেগুলি আপনি অর্জন করতে পেরেছেন কিনা দেখার জন্য নিজেকে যেসব প্রশ্ন করতে চান সেগুলির তালিকা তৈরি করতে পারেন, অথবা আপনার শেখার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়টির বর্ণনা দিতে পারেন। আপনার কাজের লক্ষ্য এবং আপনি কোন নতুন পন্থা বা সমস্যা নিয়ে পরীক্ষানিরীক্ষা করছেন কি না, তার উপর এটি অনেকটাই নির্ভর করবে। আপনি অতীত অনুদানের অভিজ্ঞতা থেকে আপনার শিক্ষা বা আপনার মূল্যায়নের পরিকল্পনা আরও বিশদেও লিখতে পারেন।

***অনধিক ১৫০০ অক্ষর***

**এই ক্ষেত্রের জন্য অবশিষ্ট অক্ষর সংখ্যাঃ ১৫০০**

**২৭. মূল পরিমাপ**

এই মূল পরিমাপ আপনার কাজের বিস্তারিত বিবরণ না দিলেও, কিছু আন্দোলন-বিস্তৃত পরিবর্তন মাপার জন্য এটি জরুরি। মূল পরিমাপ ব্যবহার করে আপনি কী অর্জন করতে চাইছেন এবং আপনার লক্ষ্য কী, যতদূর সম্ভব সংখ্যায়, বর্ণনা করুন। বিষয়বস্তুর অবদানের ক্ষেত্রে দয়া করে উইকিমিডিয়া প্রকল্প অনুযায়ী ভাগ করুন। যদি পরিমাপগুলি নিশ্চিতভাবে আপনার প্রস্তাবের ক্ষেত্রে প্রাসঙ্গিক না হয় দয়া করে তার ব্যাখ্যা প্রদান করুন।.

দয়া করে এই সংজ্ঞাগুলি সূত্র হিসেবে ব্যবহার করুন। পরিমাপ, টুল/সরঞ্জাম এবং সংজ্ঞা নিয়ে আরও জানতে এই নির্দেশিকাটি দেখুন।

- অংশগ্রহণকারী (ব্যক্তিবিশেষ যাঁরা সশরীরে অথবা ভার্চুয়ালি প্রস্তাবটির কার্যক্রমে সামিল হয়েছেন বা এর থেকে সুবিধাপ্রাপ্ত। সামাজিক মাধ্যমের অনুগামী, দাতা অথবা অন্যান্য যাঁরা সরাসরি সামিল হননি, তাঁরা এর আওতাভুক্ত নন।) .
- সম্পাদক (ব্যক্তিবিশেষ যাঁরা অনুদান কার্যক্রমের ফলস্বরূপ উইকিমিডিয়া প্রকল্পে সম্পাদনা করে বিষয়বস্তু যোগ বা উন্নত করেন।).
- আয়োজক (ব্যক্তিবিশেষ যাঁরা প্রয়োজনীয় সময়, সহায়তা এবং জ্ঞানের দ্বারা কার্যক্রমকে বাস্তবায়িত করেন। যেমন সমন্বয়কারী, প্রশিক্ষক, সাহায্যকারী প্রমুখ)
- উইকিমিডিয়া প্রকল্প প্রতি নতুন বিষয়বস্তুর অবদান (নতুন বা উন্নীত বিষয়বস্তু).

## মূল পরিমাপ লেখার জন্য খুলুন

Fluxx-এ আপনার আবেদনপত্রটি সেভ করবার পর পরিমাপগুলির সারসংক্ষেপ টেবিল আকারে দেখতে পাবেন।

**ক. # অংশগ্রহণকারী** ব্যক্তিবিশেষ, যাঁরা প্রস্তাবটির কার্যক্রমের থেকে সুবিধাপ্রাপ্ত অথবা যাঁরা এতে সামিল হয়েছেন, সশরীরে(অফলাইন) বা ভার্চুয়ালি (অনলাইন)। এঁরা বিভিন্ন উপায়ে অংশগ্রহণ করতে পারেন। কেবলমাত্র উইকিমিডিয়া প্রকল্প সম্পাদনা যাঁরা করেন, তাঁরাই অন্তর্ভুক্ত, তা নয়। সামাজিক মাধ্যমের অনুগামী, দাতা অথবা অন্যান্য যাঁরা সরাসরি সামিল হননি, তাঁরা এর আওতাভুক্ত নন। সম্ভব হলে এবং আপনার কাজে প্রাসঙ্গিক হলে আমরা পৃথকভাবে এগুলিকে লিখতে উৎসাহ দেব, যেমনঃ **নতুন অংশগ্রহণকারী:** উইকিমিডিয়া ইভেন্টে প্রথমবার অংশগ্রহণ করছেন এমন ব্যক্তি। **পুরনো অংশগ্রহণকারী:** এমন ব্যক্তি যিনি আগে উইকিমিডিয়ার অন্য কোন কার্যক্রমে অংশগ্রহণ করেছেন।

পরিমাপের বর্ণনা:

এখানে, প্রয়োজনে, আপনার পরিমাপের ব্যাপারে বিস্তারিতভাবে লিখুন। উদাহরণস্বরূপ, আপনি নির্ধারিত অংশগ্রহণকারীদের বিস্তারিত বর্ণ্না দিতে পারেন, অথবা বিভিন্ন প্রকারের অংশগ্রহণকারীদের জন্য বা প্রতিটি কৌশল, কার্যক্রম কিংবা কার্যকলাপের জন্য আলাদা লক্ষ্য আছে কিনা জানাতে পারেন।

লক্ষ্য: মোট অংশগ্রহণকারী কতজন, তা সংখ্যায় লিখুন।

**খ. # সম্পাদক** ব্যক্তিবিশেষ যাঁরা অনুদান কার্যক্রমের ফলস্বরূপ উইকিমিডিয়া প্রকল্পে সম্পাদনা করে বিষয়বস্তু যোগ বা উন্নত করেন।). সম্ভব হলে এবং আপনার কাজে প্রাসঙ্গিক হলে আমরা পৃথকভাবে এগুলিকে এইভাবে লিখতে উৎসাহ দেব, নতুন নিবন্ধিত ব্যবহারকারী (নতুন সম্পাদক): প্রস্তাবের কার্যক্রমের অংশ হিসেবে যাঁরা উইকিমিডিয়া প্রকল্পে নতুন অ্যাকাউন্ট খুলেছেন সেইসব অংশগ্রহণকারীদের সংখ্যা অথবা পুরনো সম্পাদকঃ যাঁরা প্রকল্পটির কার্যক্রম শুরু হওয়ার আগে থেকেই নিবন্ধিত কিন্তু প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত কার্যক্রমের সম্পাদনার সঙ্গে যুক্ত।

পরিমাপের বর্ণনা: এখানে, প্রয়োজনে, আপনার পরিমাপের ব্যাপারে বিস্তারিতভাবে লিখুন। উদাহরণস্বরূপ, আপনি নির্ধারিত সম্পাদকদের বিস্তারিত বণ্র্না দিতে পারেন, অথবা নতুন এবং বিদ্যমান সম্পাদকদের জন্য বা প্রতিটি কৌশল, কার্যক্রম কিংবা  কার্যকলাপের জন্য আলাদা লক্ষ্য আছে কিনা জানাতে পারেন।

লক্ষ্য: মোট সম্পাদক কতজন, তা সংখ্যায় লিখুন।

**গ. # আয়োজক** ব্যক্তিবিশেষ যারা দরকারি সময়, সাহায্য, এবং জ্ঞানের দ্বারা কার্যক্রম বাস্তবায়িত করেন, যথা পরিকল্পনাকারী, সমন্বয়কারী, প্রশিক্ষক, শিক্ষক, প্রসার সংযোগস্থাপনকারী, উপদেষ্টা, সুবিধাদাতা, প্রচার নেতা, বক্তা প্রমুখ। আয়োজকগণ সেচ্ছাসেবী অথবা বেতনভুক্ত কর্মী হতে পারেন। আন্দোলনের অন্তর্ভুক্ত সংগঠকদের ভূমিকা এবং প্রতিকুলতাকে বুঝবার জন্য আন্দোলন আয়োজক সংক্রান্ত এই নথিটি পড়ে দেখতে আমরা পরামর্শ দিই।

পরিমাপের বর্ণনা: এখানে, প্রয়োজনে, আপনার পরিমাপের ব্যাপারে বিস্তারিতভাবে লিখুন। উদাহরণস্বরূপ, আপনি নির্ধারিত আয়োজকদের বিস্তারিত বর্ণনা দিতে পারেন, অথবা অনলাইন এবং অফলাইন ভূমিকা অনুযায়ী বিভিন্ন প্রকারের আয়োজকদের জন্য, বা কৌশল, কার্যক্রম, কিংবা  কার্যকলাপের জন্য আলাদা লক্ষ্য আছে কিনা জানাতে পারেন।

লক্ষ্য: মোট আয়োজক কতজন, তা সংখ্যায় লিখুন।

আপনি ৫-টি ভীন্ন ধরনের উইকিমিডিয়া প্রকল্পের জন্য আপনার লক্ষ্য লেখার সুযোগ পাবেন। একটি প্রস্তাবের মধ্যেই তার অধিক প্রকল্পে অবদান রাখতে গেলে, দয়া করে ২৭.৬ প্রশ্নে তা বিস্তারিতভাবে জানান।

**ঘ. উইকিমিডিয়া প্রকল্প প্রতি তৈরি করা নতুন বিষয়বস্তুর সংখ্যা**

প্রকল্পের নাম। আপনি যেই উইকিমিডিয়া প্রকল্পে অবদান রাখতে চান তা নির্বাচন করুন। উইকিমিডিয়া প্রকল্পগুলি এবং তাঁদের বিষয়বস্তুর ধরণ জানতে  আবেদন নির্দেশিকার টেবিলটি দেখুন।

পরিমাপের বর্ণনা: এখানে, প্রয়োজনে, আপনার পরিমাপের ব্যাপারে বিস্তারিতভাবে লিখুন। প্রয়োজনে আপনার লক্ষকে ভাগ করে আলাদাও করতে পারেন। উদাহরণস্বরূপঃ কত সংখ্যক নিবন্ধ উন্নীত করা হল এবং কত সংখ্যক নিবন্ধ তৈরি করা হল।

লক্ষ্য. এই উইকিমিডিয়া প্রকল্পের জন্য মোট বিষয়বস্তুর সংখ্যা লিখুন।

২৭ক. যদি কোন কারণে আপনার প্রস্তাব মূল পরিমাপগুলি না মাপে, দয়া করে তার ব্যাখ্যা প্রদান করুন। প্রয়োজনে এই মূল পরিমাপগুলির উপর কোনরকম বাড়তি বক্তব্য বা পর্যবেক্ষন থাকলে এখানে লিখতে পারেন।  ***অনধিক ৬০০০ অক্ষর***

28. অতিরিক্ত পরিমাপ (ঐচ্ছিক)

উপরে উল্লিখিত মূল পরিমাপগুলি ছাড়াও আপনার কাজের জন্য প্রসঙ্গিক, এরকম যে কোন পরিমাপ **অতিরিক্ত পরিমাপের** তালিকা থেকে বাছতে পারেন। দয়া করে যেগুলি প্রাসঙ্গিক সেগুলি বাছুন, অন্যথায় জায়গাটি ফাঁকা ছেড়ে দিন।

প্রতিটি পরিমাপের সংজ্ঞা ও পরামর্শের জন্য দয়া করে আমাদের নির্দেশিকাটি দেখুন। নির্দেশিকার ৩ নম্বর টেবিলে এই তথ্যগুলি ভরার জন্য প্রাপ্তিসাধ্য টুল/সরঞ্জামগুলি পুনরীক্ষণ করা খুবই জরুরী। আপনার যদি এ ব্যাপারে আগ্রহ থাকে, কম্যুনিটি রিসোর্স টিম আপনার সাথে এই শিক্ষা ও মূল্যায়নের পরিকল্পনা এবং টুল/সরঞ্জামগুলি উন্নীত করার লক্ষ্যে নির্দেশ ও সাহায্য প্রদান করতে পারে।

সকল প্রযোজ্য পরিমাপের ক্ষেত্রে পরিমাপের বর্ণনা এবং লক্ষ্য জানান। পরিমাপের বর্ণনায় আপনি কীভাবে এই তথ্য সংগ্রহ করবেন বলে ভাবছেন, তার বিশদে লিখুন।.

- ☐ কার্যক্রমের পরেও কতজন সম্পাদক অংশগ্রহণ চালিয়ে যাচ্ছেন/রয়ে যাচ্ছেনঃ ধারণ সংজ্ঞায়িত করার বা মাপার সম্ভাব্য উপায়গুলির জন্য দয়া করে নির্দেশিকাটি দেখুন।
- ☐ কার্যক্রমের পরেও কতজন আয়োজক অংশগ্রহণ চালিয়ে যাচ্ছেন/রয়ে যাচ্ছেনঃ ধারণ সংজ্ঞায়িত করার বা মাপার সম্ভাব্য উপায়গুলির জন্য দয়া করে নির্দেশিকাটি দেখুন।
- ☐ কৌশলগত অংশীদারিত্বের সংখ্যা যা দীর্ঘমেয়াদি বৃদ্ধি, বৈচিত্র্য, এবং স্থায়িত্বে অবদান রাখবেঃ যদি আপনি এখনও আপনার প্রস্তাবে তা না করে থাকেন, দয়া করে বর্ণনা করুন শুধু অংশীদারিত্ব না বলে কেন সেগুলিকে কৌশলগত বলে ভাবা যায়, যেহেতু সেগুলিই আপনার প্রশস্ত লক্ষ্যগুলিতে সাহায্য করে এবং সেগুলির দীর্ঘমেয়াদি সহযোগিতার সম্ভবনা আছে।
- ☐ অবদানকারীদের আকৃষ্ট করা এবং ধরে রাখার কার্যকরি কৌশলের বিষয়ে অংশগ্রহণকারীদের থেকে নেওয়া প্রতিক্রিয়াঃ এটি কোনরূপ নিরীক্ষা, সাক্ষাৎকার বা ফোকাস গ্রুপ হতে পারে। যারা এই গুণগত প্রশিক্ষণে আগ্রহী, কম্যুনিটি রিসোর্স টিম তাঁদের প্রয়োজনীয় পরামর্শ, টুল/সরঞ্জাম, এবং সাহায্য প্রদান করতে পারে।
- ☐ অনুদান প্রাপকদের দ্বারা উদ্ঘাটিত অংশগ্রহণকারীদের বৈচিত্র্যঃ নিবন্ধকরণের সময় অংশগ্রহণকারীদের জিজ্ঞাসা করুন তাঁরা এই তথ্য দিতে সম্মত হবেন কিনা। যদি তাঁরা গোপনীয়তা রক্ষা করতে চান, সেক্ষেত্রে আরেকটি উপায় হল জনতাত্ত্বিকতার পরিপ্রেক্ষিতে অংশগ্রহণকারীদের বৈচিত্র্যের গুণগত তথ্য সংগ্রহ করা। নির্বাচিত সাক্ষাৎকার, পর্যবেক্ষণ, বা ফোকাস গ্রুপের মাধ্যমে তা করা যেতে পারে।
- ☐ সামাজিক মাধ্যমের দ্বারা কত সংখ্যক মানুষের কাছে পৌছনো গেছেঃ কত সংখ্যক মানুষের কাছে পৌঁছনো গেছে তা বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন, নতুন কতজন দেখেছেন (কতগুলি নতুন ভিউ পাওয়া গেছে), নতুন অনুগামীর (ফলোয়ার) সংখ্যা, বা কতগুলি আদানপ্রদান ঘটেছে (লাইক, মন্তব্য ইত্যাদি)। কোন নির্দিস্ট পরিমাপ ব্যবহার করা হচ্ছে, তা বর্ণনা করা জরুরী এবং তা প্রকল্পে করা কাজ সম্পর্কিত প্রকাশনার কাজের জন্য। .
- ☐ কত সংখ্যক ক্রিয়াকলাপ গড়ে তোলা হল: প্রস্তাবে উল্লিখিত সকল ক্রিয়াকলাপ এর মধ্যে গণ্য হবে।. প্রতি অনুদান প্রাপকের প্রকল্প পর্যবেক্ষন টুল/সরঞ্জামগুলির মধ্যে বিভিন্ন উপায়ে এগুলি মাপা সম্ভব।
- ☐ সেচ্ছাসেবী ঘণ্টার সংখ্যা: বিভিন্ন অবদানকারীদের(সম্পাদক, আয়োজক, অথবা অন্য সেচ্ছাসেবী কার্যকলাপ) দ্বারা মোট সেচ্ছাসেবী কার্যকলাপের সময়। প্রতি অনুদান প্রাপকের প্রকল্প পর্যবেক্ষন টুল/সরঞ্জামগুলির মধ্যে বিভিন্ন উপায়ে এগুলি মাপা সম্ভব।
- ☐ অন্যান্য

আবেদনপত্রে প্রতিটি ক্ষেত্র পূরণের পর সেভ করলে আপনি তা নীচে দেওয়া উদাহরণস্বরূপ টেবিল আকারে দেখতে পাবেন।

| Core Metrics | Metrics Description | Target |
|---|---|---|
| # participants | The number of participants in all activities: 50 particularly female and LGBTI+ artists from the Rising Sun Community. Of these, our target is that 40 will be new participants. | 50 |
| # of editors | The number of editors in all activities: 30 particularly female and LGBTI+ artists from the Rising Sun Community. Of these, our target is that 20 will be new editors. | 30 |
| # of organizers | The number of organizers in all activities: 8 Of these, our target is that 3 will be new organizers that will help plan new edit-a-thons, mentor new editors and organize other offline meetups. 5 will be existing Wikimedia Antarctica volunteer organizers. | 8 |
| # of new content contributions per Wikimedia project | Wikipedia<br>50 new articles created for Antarctica Wikipedia. | 50 |
| # of new content contributions per Wikimedia project (2) | Wikimedia Commons<br>50 images uploaded to Wikimedia commons | 50 |

২৯. আপনার কাজের প্রভাব সম্পর্কে জানতে আর কোন কোন তথ্য আপনি সংগ্রহ করবেন? (ঐচ্ছিক) *অনধিক ৷৫০০ অক্ষর*

**৩০. প্রতিটি নির্বাচিত পরিমাপ মাপার জন্য আপনি কোন টুল/সরঞ্জামগুলি ব্যবহার করবেন?** ***দয়া করে টুল/সরঞ্জামের তালিকার জন্য এই নির্দেশিকাটি দেখুন. আপনি যদি নিশ্চিত না হতে পারেন এবং আপনার সাহায্য লাগে, তাহলে সেটাও উল্লোখ করতে পারেন।***
***অনধিক ৫০০ অক্ষর***

**৩১. অন্যদের সঙ্গে এই ফলাফলগুলি আপনি কীভাবে ভাগ করতে চান যাতে তাঁরাও এর থেকে শিক্ষা নিতে পারেন? আপনি একাধিক বিকল্প নির্বাচন করতে পারেন।**

- ☐ আমাদের অভিজ্ঞতার একটি ভিডিয়ো বানিয়ে
- ☐ আমাদের অভিজ্ঞতার একটি ছোট উপস্থাপনা করে
- ☐ একটি প্রশিক্ষণের কর্মশালা করে আমরা কী শিখেছি তা বাকিদের দেখানো
- ☐ সামাজিক মাধ্যমে ফলাফল ভাগ করে
- ☐ আমাদের সম্প্রদায়ের সঙ্গে ফলাফল ভাগ করে
- ☐ বাকি অনুদান প্রাপকদের সঙ্গে আলাদা করে মতামত বিনিময়ের জন্য বসে
- ☐ অন্য ব্যবহারকারীদের জন্য শেখার উপাদান বানিয়ে
- ☐ মেটা-উইকিতে বাকিদের সাথে ভাগ করে
- ☐ কীভাবে আমার শেখা অন্যদের সঙ্গে ভাগ করে নেওয়া যায় তা আবিষ্কার করার জন্য ফাউন্ডেশনের থেকে আমি সহায়তা পেতে ইচ্ছুক
- ☐ অন্যান্য

## আর্থিক প্রস্তাব

**৩২. উইকিমিডিয়া ফাউন্ডেশন-কে আপনার অনুরোধ করা অনুদানের পরিমাণ কত? দয়া করে এই পরিমাণ আপনার স্থানীয় মুদ্রার হিসেবে জানান। যদি আপনি একাধিক বছরের অনুদানের জন্য আবেদন করার কথা ভেবে থাকেন, তাহলে দয়া করে প্রথম বছরের পরিমাণ জানান।**

**৩২ ক. মার্কিন মুদ্রায় আপনার অনুরোধ করা অনুদানের পরিমাণ কত হতে পারে (আপনার হিসেব অনুযায়ী সবচেয়ে কাছাকাছি)?**

**৩৩. স্থানীয় মুদ্রার ধরণ**

**৩৪. আপনি কি একাধিক বছরের অনুদানের জন্য আবেদন করতে চান?**

- ☐ না
- ☐ হ্যাঁ

**৩৫. দয়া করে এই প্রস্তাবের জন্য আপনার আয়ব্যয়ক/বাজেট জানান।**
আপনার অর্থনৈতিক প্রয়োজন এবং খরচ সম্পূর্ণভাবে বোঝানোর জন্য যতটা বিশদে লেখা উচিত বলে আপনি মনে করেন, তা এখানে লিখুন। অন্যথায়, আপনি আপনার আয়ব্যয়ক/বাজেট একটি আলাদা ডকুমেন্ট হিসেবে আপলোড করতে পারেন। সেক্ষেত্রে, আমরা ***এই ছকটি*** ব্যবহার করার পরামর্শ দেব। যদি আপনি এই ছকটি ব্যবহার করেন, মনে করে শিটগুলির অনুলিপি বানিয়ে তাতে আপনার আয়ব্যয়ক/বাজেট লিখবেন। হয়ে গেলে ডকুমেন্টটি আপলোড করে আমাদের গুগল শিটস-এ অনুমতি দেবেন। আপনার ডকুমেন্টটি আপনি, আপনার প্রয়োজনমত পরিবর্তন করতে পারেন। আপনি ইচ্ছে হলে আয়ব্যয়ক/বাজেটের জন্য অন্য কোন ছকও ব্যবহার করতে পারেন। অনধিক ৬০০০ অক্ষর।

**৩৬. দয়া করে যে পরিমাণ অনুদানের আবেদন করেছেন, তার আয়ব্যয়ক/বাজেট আপলোড করুন।**

৩৭. অনুদানের সুষ্ঠ পরিচালনা নিশ্চিত করতে আপনি কী করবেন? (ঐচ্ছিক) *অনধিক ৬০০০ অক্ষর*

**৩৮. ইউসিওসি (UCOC) এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশ নীতিমালা ব্যবহার করে অংশগ্রহণকারীদের জন্য একটি সহায়ক পরিবেশ সৃষ্টিতে আপনার অবদান কী হবে? *অনধিক ৬০০০ অক্ষর***

৩৯. আপনার প্রস্তাবটি আরও ভালো এবং বিস্তারিতভাবে বোঝানোর জন্য কোন নথি যদি আপনার গুরুত্বপূর্ণ মনে হয়, তা হলে এই স্থানে তা আপলোড করতে পারেন।

**৪০. আমি আমার ব্যাঙ্ক সংক্রান্ত তথ্য পর্যালোচনা বা যুক্ত করেছি।**

## শেষ বার্তা

আপনার প্রস্তাব/অনুদানের অনুরোধ জমা করে আপনি সম্মতি দিচ্ছেন যে আপনি আবেদনের গোপনীয়তা বিবৃতি, উইকিমিডিয়া ফাউন্ডেশনের বন্ধুত্বপূর্ণ পরিবেশের নীতিমালা, এবং সর্বজনীন আচরণবিধি-এর সঙ্গে সম্মত।

৪১. আমি আবেদনের গোপনীয়তা বিবৃতি, উইকিমিডিয়া ফাউন্ডেশনের বন্ধুত্বপূর্ণ পরিবেশের নীতিমালা এবং সর্বজনীন আচরণবিধি পড়েছি।